অর্থনৈতিক সমৃদ্ধি এবং নিরাপত্তা বিষয়ে কোয়াডের যৌথ প্রেস বিজ্ঞপ্তি

মার্কিন যুক্তরাষ্ট্রের বিদেশ সচিব এবং অস্ট্রেলিয়া, ভারত এবং জাপানের বিদেশমন্ত্রীরা 31 অক্টোবর, 2026 তারিখে জর্জিয়ার আটলান্টায় বৈঠকে মিলিত হন, চলমান কোয়াড উদ্যোগের অগ্রগতি সম্পর্কে মতবিনিময় হয় এবং একটি অবাধ ও মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রতি তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

কোয়াড মন্ত্রীরা বিশ্বব্যাপী স্থিতিশীলতা এবং সমৃদ্ধি বজায় রাখার ক্ষেত্রে অর্থনৈতিক নিরাপত্তার গুরুত্বের উপরে বিশেষ জোর দেন। তারা বিশ্বাসযোগ্য এবং উন্মুক্ত বিশ্বব্যাপী সরবরাহ শৃঙ্খল এবং বিশ্বস্ত ও স্থিতিশীল পরিকাঠামো গড়ে তোলার জন্য তাদের প্রতিশ্রুতির পুনরাবৃত্তি করেন। গুরুত্বপূর্ণ শিল্পক্ষেত্রগুলিতে বিশ্বব্যাপী সরবরাহ শৃঙ্খল ব্যাহত করার উদ্দেশ্যে নির্বিচারে রপ্তানিতে বিধিনিষেধ আরোপ সহ অর্থনৈতিক চাপ সৃষ্টি এবং অতিরিক্ত উৎপাদন সক্ষমতা তৈরি করে এমন বাজার-বহির্ভূত নীতি ও পদ্ধতি সম্পর্কে তারা গভীর উদ্বেগ প্রকাশ করেন। গুরুত্বপূর্ণ সমুদ্রপথ, বাণিজ্যের নিরবচ্ছিন্ন প্রবাহ, জ্বালানি নিরাপত্তা এবং কোনও ধরনের শুল্ক আরোপ ছাড়াই সামুদ্রিক কর্মী ও জাহাজের অবাধ চলাচল ও নিরাপত্তার গুরুত্ব স্বীকার করে তারা ইউএনসিএলওএস-এ প্রতিফলিত বিধান অনুযায়ী হরমুজ প্রণালী, লোহিত সাগর এবং বাব এল-ম্যান্ডেব প্রণালীতে নৌচলাচলের অধিকার ও স্বাধীনতা রক্ষা এবং সুরক্ষিত রাখার অপরিহার্যতার ওপর পুনরায় জোর দেন।

অর্থনৈতিক প্রবৃদ্ধির ভবিষ্যতের ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং প্যাক্স সিলিকার মতো উদ্যোগের গুরুত্বের ওপর কোয়াডের বিদেশমন্ত্রীরা বিশেষ জোর দেন এবং কোয়াড এআই অ্যাক্সিলারেটর সহ বিভিন্ন উদ্যোগের মাধ্যমে সমগ্র ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নির্ভরযোগ্য এআই ব্যবহারের সুযোগ বাড়াতে $85 মিলিয়নেরও বেশি পরিমাণ কারিগরি ও আর্থিক সহায়তা দেওয়ার অভিপ্রায় ব্যক্ত করেন।

জাতীয় ও আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ অনলাইন ও সাইবার প্রতারণার ক্রমবর্ধমান বিস্তার সম্পর্কে কোয়াডের বিদেশমন্ত্রীরা গভীর উদ্বেগ প্রকাশ করেন। প্রতারণামূলক কার্যকলাপ পরিচালনা, মানব পাচার এবং মানুষকে জোরপূর্বক আমাদের নাগরিকদের সঙ্গে প্রতারণা করতে বাধ্য করার সঙ্গে জড়িত অপরাধী চক্রগুলির তারা তীব্র নিন্দা করেন, যারা প্রতি বছর আমাদের নিজ নিজ দেশের নাগরিকদের কষ্টার্জিত সম্পদ থেকে কয়েক হাজার কোটি মার্কিন ডলার আত্মসাৎ করছে। কোয়াডভুক্ত দেশগুলি এই কার্যক্রমগুলি ধ্বংস করার জন্য এবং আন্তর্জাতিক অপরাধী চক্র এবং তাদের নেতাদের জবাবদিহি করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

26 আগস্ট, 2026 তারিখে আকস্মিক বন্যায় প্রাণহানির ঘটনায় কোয়াডের বিদেশমন্ত্রীরা শোক প্রকাশ করেন এবং প্রয়োজনের সময় সহযোগী দেশগুলির পাশে দাঁড়ানোর বিষয়ে নিজেদের অভিন্ন অঙ্গীকারের উপরে জোর দেন। নেপালে উদ্ধারকাজে প্রথম সাড়া প্রদানকারী দেশ হিসেবে ভারতের অগ্রণী ভূমিকার পাশাপাশি, কোয়াডভুক্ত সব দেশের পক্ষ থেকে নেপালকে প্রদত্ত উল্লেখযোগ্য সহায়তার বিষয়টিও তারা স্বীকার করেন।

ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সমৃদ্ধি আরও জোরদার করার লক্ষ্যে গৃহীত বিভিন্ন গুরুত্বপূর্ণ উদ্যোগের অগ্রগতিকে কোয়াডের বিদেশমন্ত্রীরা স্বাগত জানান যার মধ্যে রয়েছে:

অর্থনৈতিক সমৃদ্ধি এবং নিরাপত্তা

গুরুত্বপূর্ণ খনিজের সরবরাহ শৃঙ্খল সুরক্ষিত করা: 2026 সালের মে মাসে ঘোষিত কোয়াডের গুরুত্বপূর্ণ খনিজ সংক্রান্ত উদ্যোগের কাঠামোর আওতায় সদস্য দেশগুলি গুরুত্বপূর্ণ খনিজের সরবরাহ শৃঙ্খল সুরক্ষিত করতে পারস্পরিক সহযোগিতা আরও জোরদার করেছে, কোনও একটি নির্দিষ্ট সরবরাহকারীর ওপর নির্ভরতা কমাতে ইলেকট্রনিক বর্জ্য ও বাতিল সামগ্রী থেকে গুরুত্বপূর্ণ খনিজ পুনরুদ্ধারের লক্ষ্যে দেশগুলি একযোগে কাজ করছে। বর্জ্য সংগ্রহ নেটওয়ার্ক, প্রক্রিয়াকরণ কেন্দ্র ও পরিশোধনাগার স্থাপনে বেসরকারি ক্ষেত্রের নেতৃত্বে বিনিয়োগকে তারা স্বাগত জানান এবং নির্ভরযোগ্য গুরুত্বপূর্ণ খনিজ পুনর্ব্যবহারযোগ্য সরবরাহ শৃঙ্খল গড়ে তুলতে কোয়াডভুক্ত দেশগুলির সঙ্গে একযোগে কাজ করার উদ্যোগকেও তারা স্বাগত জানান। বর্জ্য থেকে গুরুত্বপূর্ণ খনিজ পুনরুদ্ধারের লক্ষ্যে ভারত ও আসিয়ানভুক্ত দেশগুলিতে পরিকাঠামো ও সংশ্লিষ্ট সুযোগ-সুবিধার উন্নয়নে $10 মিলিয়ন সহায়তা প্রদানের বিষয়ে যুক্তরাষ্ট্রের অঙ্গীকারকে তারা স্বাগত জানান। পুনর্ব্যবহারযোগ্য সামগ্রীর আন্তঃসীমান্ত চলাচল সহজতর করা এবং বিদ্যমান বিধিবিধানের কার্যকর বাস্তবায়ন আরও জোরদার করার লক্ষ্যে রপ্তানি ও আমদানি প্রক্রিয়া সরলীকরণের বিভিন্ন উপায় খতিয়ে দেখতে কোয়াডভুক্ত দেশগুলি আগ্রহী।

সেপ্টেম্বর মাসে কোয়াডের উদ্যোগে প্রথমবারের মতো কোয়াড ফুয়েল সিকিউরিটি ফোরামের আয়োজন করা হয়, যেখানে নিজ নিজ দেশের কৌশলগত পেট্রোলিয়াম মজুত ও সংরক্ষিত জ্বালানির পরিমাণ বৃদ্ধি সহ ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে জ্বালানি নিরাপত্তা জোরদার করার বিষয়ে সদস্য দেশগুলির অঙ্গীকার সম্পর্কে মতবিনিময় হয়।

ফিজিতে বন্দর পরিকাঠামোর উন্নয়ন: সুভা, লাউটোকা এবং রোকোবিলির গুরুত্বপূর্ণ বন্দরগুলির পরিকাঠামো আধুনিকীকরণের বিভিন্ন প্রকল্পে কোয়াডভুক্ত দেশগুলি ফিজি

সরকারের সঙ্গে সক্রিয়ভাবে কাজ করছে। এর মধ্যে রয়েছে মার্কিন মিলেনিয়াম চ্যালেঞ্জ কর্পোরেশনের মাধ্যমে ফিজিকে একটি বন্দর সংক্রান্ত কৌশলগত উন্নয়ন কাঠামো প্রণয়নে সহায়তা করা এবং অস্ট্রেলিয়া সরকারের পক্ষ থেকে একটি নতুন পণ্য স্থানান্তরকারী বন্দর পরিকাঠামো স্থাপনের সম্ভাবনা যাচাই করা।

ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল জুড়ে পরিকাঠামোগত ক্ষমতা নির্মাণ: এখনও পর্যন্ত, কোয়াড দেশগুলি প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল, দক্ষিণ-পূর্ব এশিয়া ও দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশকে 2000টিরও বেশি পরিকাঠামো-সংক্রান্ত ফেলোশিপ প্রদান করেছে, যার মাধ্যমে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলকে আরও শক্তিশালী ও বিপর্যয় মোকাবিলায় সক্ষম করে তুলতে প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা হচ্ছে।

বাণিজ্যিক কূটনীতির অগ্রগতি: কোয়াডের বিদেশমন্ত্রীরা প্রথমবারের মতো কোয়াড বিজনেস লিডার্স ফোরাম আয়োজনের ঘোষণা করেন, যেখানে সদস্য দেশগুলির শিল্পক্ষেত্রের শীর্ষস্থানীয় ব্যক্তিত্ব, সরকারি প্রতিনিধি ও নীতি বিশেষজ্ঞরা একত্রিত হয়ে সরকারি ও বেসরকারি ক্ষেত্রের মধ্যে সহযোগিতা ও সম্পর্ক আরও জোরদার করার পাশাপাশি গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে বাণিজ্যিক চুক্তি সম্পাদনে উৎসাহিত করবেন। কোয়াডভুক্ত দেশগুলির এক্সপোর্ট ক্রেডিট এজেন্সিগুলি 2024 সালের সহযোগিতা স্মারকের ভিত্তিতে ব্যবহারিক সহযোগিতার সম্ভাবনা চিহ্নিত করতে আগামী 18 নভেম্বর টোকিওতে বৈঠকে মিলিত হবে, যা অর্থনৈতিক সহযোগিতা আরও গভীর করার বিষয়ে আমাদের অঙ্গীকারের প্রতিফলন।

ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে নিরাপদ ও নির্ভরযোগ্য ডিজিটাল সংযোগ ব্যবস্থার উন্নয়ন: কোয়াডভুক্ত দেশগুলি এই অঞ্চলে নির্ভরযোগ্য, বিকল্প ব্যবস্থাসম্পন্ন ও উচ্চগতির কেবল রুট গড়ে তোলার প্রচেষ্টা আরও জোরদার করে চলেছে এবং সমুদ্রতলের ডেটা কেবলগুলির নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা বজায় রাখার ক্ষেত্রে সর্বোত্তম পদ্ধতিগুলি পারস্পরিকভাবে বিনিময় করছে।

সামুদ্রিক এবং আন্তর্জাতিক নিরাপত্তা

সমুদ্রপথের নিরাপত্তা জোরদার করা: অবৈধ সামুদ্রিক কার্যকলাপ মোকাবিলায় কোয়াডভুক্ত দেশগুলির মধ্যে সামুদ্রিক ক্ষেত্রে পারস্পরিক সমন্বয় ও কার্যক্ষমতা বাড়ানোর লক্ষ্যে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে, দ্বিতীয় কোয়াড-অ্যাট-সি শিপ অবজারভার মিশন 25 সেপ্টেম্বর থেকে 7 অক্টোবর পর্যন্ত সফলভাবে ভারতের চেন্নাই থেকে অস্ট্রেলিয়ার পার্থ পর্যন্ত

যাত্রা সম্পন্ন করে, ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর একটি অফশোর প্যাট্রোল ভেসেলে চারটি কোয়াডভুক্ত দেশের প্রতিনিধিরা এই মিশনে অংশগ্রহণ করেন।

সামুদ্রিক সহযোগিতা আরও শক্তিশালী করা: কোয়াডভুক্ত দেশগুলি সি ড্রাগন 2027-এ ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সামুদ্রিক নজরদারি সহযোগিতা উদ্যোগের অধীনে তাদের প্রথম অনুশীলন পরিচালনা করতে আগ্রহী। তথ্য আদান-প্রদান এবং সামুদ্রিক ক্ষেত্র সম্পর্কে সচেতনতা আরও বাড়ানোর লক্ষ্যে মে মাসে নয়াদিল্লিতে বিদেশমন্ত্রীদের সঙ্গে সচিব এই উদ্যোগের ঘোষণা করেন।

সামুদ্রিক ক্ষেত্র সম্পর্কে সচেতনতা (এমডিএ) বৃদ্ধি: কোয়াডভুক্ত দেশগুলি আনন্দের সঙ্গে জানাচ্ছে যে, 2027 সালের শুরুর দিকে কোয়াড মেরিটাইম ট্রেনিং ইনিশিয়েটিভ (মৈত্রী)-এর অধীনে প্রথম কোয়াড মেরিটাইম ডোমেন অ্যাওয়ারনেস ট্র্যাক 1.5 আলোচনা সভার আয়োজন করা হবে, এই আলোচনা সভায় আঞ্চলিক সহযোগী দেশগুলি সামুদ্রিক ক্ষেত্র সম্পর্কে সচেতনতা বৃদ্ধির বিভিন্ন পদ্ধতি, প্রযুক্তি এবং তথ্য আদান-প্রদান সম্পর্কে আলোচনা করার সুযোগ পাবে।

গুরুত্বপূর্ণ ও উদীয়মান প্রযুক্তি

নির্ভরযোগ্য যোগাযোগ নেটওয়ার্ক: 6জি প্রযুক্তির নেতৃত্ব ও নিরাপত্তা সংক্রান্ত আহ্বানের প্রতি কোয়াড নেতাদের সমর্থনের ধারাবাহিকতায়, কোয়াডভুক্ত দেশগুলি 5জি, 6জি, ওপেন রেডিও অ্যাক্সেস নেটওয়ার্ক (র‍্যান) এবং এআই র‍্যান-সহ উন্নত ও নির্ভরযোগ্য যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতার জন্য অগ্রাধিকার ভিত্তিতে কয়েকটি দেশকে চিহ্নিত করা, নির্ভরযোগ্য 5জি প্রকল্পের একটি তালিকা তৈরি করা এবং ভবিষ্যতে এআই র‍্যান-এর ক্ষেত্রে সহযোগিতার সুযোগ খতিয়ে দেখার অঙ্গীকার করেছে।

সেমিকন্ডাক্টর এবং এআই হার্ডওয়্যার: কোয়াড দেশগুলি উন্নত, শীর্ষস্থানীয় সেমিকন্ডাক্টর এবং এআই হার্ডওয়্যারের জন্য সুরক্ষিত, স্থিতিশীল এবং নির্ভরযোগ্য সরবরাহ শৃঙ্খল তৈরি করার প্রয়োজনীয়তার উপর পুনরায় জোর দেয়। সরবরাহ শৃঙ্খলে বিঘ্ন ঘটার আগেই সেমিকন্ডাক্টর ও এআই সরবরাহ শৃঙ্খলের গুরুত্বপূর্ণ প্রতিবন্ধকতাগুলি চিহ্নিত করতে তারা একটি নতুন উদ্যোগ চালু করবে।

ডিজিটাল পরিচয় সংক্রান্ত মানদণ্ড: সরকারি ও বেসরকারি ক্ষেত্রের মধ্যে পারস্পরিক সহযোগিতা আরও সহজতর করার লক্ষ্যে কোয়াডভুক্ত দেশগুলি ডিজিটাল পরিচয় সংক্রান্ত মানদণ্ডগুলির তুলনামূলক পর্যালোচনা ও মানচিত্রায়ণের প্রচেষ্টা এগিয়ে নিয়ে চলেছে।

সাইবার নিরাপত্তা ক্ষেত্রে সহযোগিতা আরও গভীর করা: এই মাসে কোয়াডের সাইবার নিরাপত্তা বিষয়ক শীর্ষ আধিকারিকরা বৈঠকে মিলিত হন এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে একটি নির্ভরযোগ্য ও স্থিতিস্থাপক সাইবার নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে কোয়াডভুক্ত দেশগুলির নিজস্ব সক্ষমতা আরও বাড়ানোর প্রচেষ্টা অব্যাহত রাখার অঙ্গীকার করেন।

মানবিক সহায়তা ও জরুরি পরিস্থিতি মোকাবিলা

দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধি: কোয়াড তার মানবিক সহায়তা ও দুর্যোগ ত্রাণ অংশীদারিত্বের মাধ্যমে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় সক্ষমতা আরও বাড়ানোর প্রচেষ্টা অব্যাহত রেখেছে। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় যৌথ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অস্ট্রেলিয়া, জাপান ও মার্কিন যুক্তরাষ্ট্র আগামী নভেম্বর মাসে ভারতে অনুষ্ঠিত বার্ষিক যৌথ মানবিক সহায়তা ও দুর্যোগ ত্রাণ মহড়া (এজেএইচই-26)-তে পর্যবেক্ষক পাঠাবে।

যৌথ সরবরাহ ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধি: সেপ্টেম্বরে জাপানের প্রতিরক্ষা মন্ত্রকের আয়োজনে অনুষ্ঠিত ইন্দো-প্যাসিফিক লজিস্টিকস নেটওয়ার্ক (আইপিএলএন)-এর দ্বিতীয় টেবিলটপ এক্সারসাইজ (টিটিএক্স)-এর সময় কোয়াডভুক্ত দেশগুলি এই নেটওয়ার্কের জন্য আদর্শ কার্যপদ্ধতি প্রণয়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। এর ফলে ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে প্রাকৃতিক দুর্যোগের দ্রুত ও কার্যকর মোকাবিলা করা সম্ভব হবে। পরবর্তী রিম অফ দ্য প্যাসিফিক (আরআইএমপিএসি) মহড়ার সময় অনুষ্ঠিত হতে চলা আইপিএলএন-এর পরবর্তী মহড়া-সহ বিভিন্ন উদ্যোগের মাধ্যমে কোয়াডভুক্ত দেশগুলি মানবিক সহায়তা ও দুর্যোগ ত্রাণ (এইচএডিআর) সংক্রান্ত যৌথ সরবরাহ ব্যবস্থার সক্ষমতা আরও বাড়ানোর প্রচেষ্টা অব্যাহত রাখবে।

কোয়াড নেতৃবৃন্দের শীর্ষ সম্মেলন, পরবর্তী কোয়াড বিদেশমন্ত্রী পর্যায়ের বৈঠক এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সহ বিশ্বের অন্যান্য অঞ্চলে শান্তি, স্থিতিশীলতা ও সমৃদ্ধি এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে আমাদের পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা অব্যাহত রাখার জন্য আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছি।

আটলান্টা

31 অক্টোবর, 2026